যুগান্তর

তারিখ ... 01 JUN 2016 ...
পৃষ্ঠা ...2... কলাম ...6...

অর্থমন্ত্রীকে স্মারকলিপি

# বাজেটের ২৫ শতাংশ শিক্ষা খাতে বরাদ্দ দাবি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

জাতীয় বাজেটের ২৫ শতাংশ শিক্ষা খাতে বরাদ্দসহ ৬ দফা দাবিতে অর্থমন্ত্রীকে স্মারকলিপি দিয়েছে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট। মঙ্গলবার বেলা দেড়টার দিকে সংগঠনটির পাঁচ সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধি দল অর্থমন্ত্রী বরাবর এ স্মারকলিপি প্রদান করে। এর আগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে ৬ দফা দাবি বাস্তবায়নের দাবিতে সমাবেশ শেষে মিছিল নিয়ে সচিবালয়ের দিকে যান সংগঠনটির নেতাকর্মীরা। পাঁচ সদস্যবিশিষ্ট প্রতিনিধি দলে ছিলেন সংগঠনটির সাধারণ সম্পাদক নাসির উদ্দিন প্রিন্স, দফতর সম্পাদক শ্যামল বর্মণ, অর্থ সম্পাদক রোখসানা আফরোজ আশা, প্রচার ও প্রকাশনা সম্পাদক সাদেক হোসেন এবং সদস্য মাসুক হেলাল অনিক। সমাবেশে উপস্থিত ছিলেন সংগঠনের সভাপতি ইমরান হাবিব রুমন, স্কুলবিষয়ক সম্পাদক সজল বাড়ৈ প্রমুখ। সভাপতি রুমন যুগান্তরকে জানান, অর্থমন্ত্রীর প্রেস সচিবের মাধ্যমে মন্ত্রীকে স্মারকলিপিটি দেয়া হয়েছে। ৬ দফা দাবির মধ্যে রয়েছে— সামরিকখাতসহ সব অনুৎপাদনশীল খাতে বরাদ্দ হ্রাস, কালো টাকা বাজেয়াপ্ত করা এবং শিক্ষা খাতে বরাদ্দ বাড়ানো, শিক্ষার বেসরকারি ও বণিজ্যিকীকরণ বন্ধকরণ প্রভৃতি।